

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং: ১৩.০১.০০০০.০৮১.৩২.০৪২.১৪- ০১

তারিখ: ১৮ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
০২ জানুয়ারি, ২০২০খ্রি।

পরিপত্র

বর্তমানে আমন সংগ্রহ ২০১৯-২০ এর আওতায় সারাদেশে একযোগে কৃষকদের কাছ থেকে ধান ও চালকল মালিকদের কাছ থেকে চুক্তির আওতায় চাল ক্রয় করা হচ্ছে। কৃষকদের অধিক উৎপাদনে উৎসাহিতকরণ এবং তাদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রদানের লক্ষ্যে প্রতিটি সংগ্রহ মৌসুমে সদাশয় সরকার কর্তৃক সংগ্রহমূল্য ঘোষণা করা হয়ে থাকে। সরকার ঘোষিত সংগ্রহ মূল্য প্রাপ্তি সহজলভ্য করার জন্য সরকারি গুদামে সরবরাহকৃত ধানের মূল্য সরাসরি কৃষকের নিজস্ব ব্যাংক একাউন্ট মূলে পরিশোধ করা হচ্ছে। প্রকৃত কৃষকগণ যাতে সরকার ঘোষিত মূল্যে সরকারি গুদামে ধান বিক্রয় করতে পারেন সেজন্য কৃষকবান্ধব সংগ্রহ নীতিমালা প্রণয়ন করা হয়েছে। এ লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সারাদেশে মৌসুম ও পণ্যভিত্তিক কৃষক তালিকা প্রণয়ন করা হচ্ছে। কৃষক নির্বাচনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে উন্মুক্ত লটারির মাধ্যমে কৃষক নির্বাচন করা হচ্ছে। এছাড়া ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ঘরে বসে সরকারি সেবা প্রাপ্তির লক্ষ্যে “কৃষকের অ্যাপ” এর সাহায্যে ঘরে বসে নিবন্ধন, ধান বিক্রির আবেদন এবং কোন মধ্যসত্ত্বভোগী ছাড়াই সরাসরি সরকারি গুদামে ধান বিক্রি করার জন্য সকল ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।


সরকারি গুদামে ধান-চাল বিক্রয় কার্যক্রমে যাতে কোনরূপ অনিয়ম ও দুর্নীতি না হয় সে জন্য বিষয়টি মনিটরিং করা হচ্ছে। সম্প্রতি জানা যায় যে সরকারি গুদামে ধান বিক্রি করার সময় গুদামের শ্রম হ্যান্ডলিং ঠিকাদার কর্তৃক নিয়োজিত শ্রমিকগণ ধান বিক্রি করতে আসা কৃষকের নিকট অর্থ দাবি করছে, যা কোন অবস্থাতেই কাম্য নয়। প্রচলিত নিয়মে সরকারি গুদামে ধান বিক্রি করতে আসা কৃষকদের ধান বস্তাবন্দি, বস্তা সেলাই, বস্তায় স্টেনসিল প্রদান, ওজন গ্রহণ, বিক্রিত ধান গুদামে উঠিয়ে খামালজাতকরণ ইত্যাদি কাজের জন্য প্রতিটি গুদামের নিয়োজিত চুক্তিবদ্ধ শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদার কর্তৃক সংশ্লিষ্ট শ্রমিকগণকে চুক্তি অনুযায়ী বিল পরিশোধ করার বিধান রয়েছে। কিন্তু শ্রমিকগণ সংশ্লিষ্ট ঠিকাদারের কাছ থেকে দৈনন্দিন পারিশ্রমিক না পেয়ে ধান-চাল বিক্রি করতে আসা কৃষক-মিলারগণের নিকট বস্তা প্রতি টাকা আদায়সহ নানাবিধ হয়রানি করছেন যা কোন অবস্থাতেই গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায়, কৃষক-মিলারগণ কর্তৃক সরকারি গুদামে ধান-চাল বিক্রি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলোঃ

- ০১। সরকারি গুদামে ধান বিক্রি করতে আসা কৃষকদের ধান বস্তাবন্দি, বস্তা সেলাই, বস্তায় স্টেনসিল প্রদান, ওজন গ্রহণ, বিক্রিত ধান গুদামে উঠিয়ে খামালজাতকরণ ইত্যাদি কাজের জন্য কৃষক-মিলারদের নিকট হতে শ্রমিকগণ কোন অর্থ দাবি করতে পারবে না;
- ০২। সরকারি গুদামে খাদ্যশস্য গ্রহণ ও প্রাপ্তিকালে খাদ্যশস্য বোঝাই-খালাস ও আনুষংগিক কাজের জন্য শ্রমিকগণ কর্তৃক সংশ্লিষ্ট পরিবহণ ঠিকাদার/ঠিকাদার প্রতিনিধির নিকট কোন অর্থ দাবি করা যাবে না;
- ০৩। এলএসডি/সিএসডি/সাইলো/বন্দরে নিয়োজিত চুক্তিবদ্ধ শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদারগণ সরকারপক্ষের সাথে স্বাক্ষরিত চুক্তিমোতাবেক সংশ্লিষ্ট স্থাপনাসমূহে শ্রম হ্যান্ডলিংজনিত বিভিন্ন কাজের বিলের ৭৫-৮০% টাকা সংশ্লিষ্ট নিয়োগকৃত শ্রমিকগণকে দৈনন্দিন পরিশোধ করতে বাধ্য থাকবেন;
- ০৪। চুক্তিবদ্ধ শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদার কর্তৃক নিয়োজিত শ্রমিকদের শ্রম ও হ্যান্ডলিংজনিত বিভিন্ন কাজের বিলের ৭৫-৮০% পারিশ্রমিক পরিশোধ করা হয়েছে কি-না তা যাচাই করে সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা/ এসএমও/ ব্যবস্থাপক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য)/ সাইলো অধীক্ষক ঠিকাদারের বিল পরিশোধের জন্য প্রত্যয়ন করবেন;

১২/০১/২০

০৫। এ নির্দেশনা অমান্যকারী শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদারের বিরুদ্ধে সরকারপক্ষ চুক্তিপত্র মোতাবেক ঠিকাদারের জামানতের টাকা বাজেয়াপ্তসহ বরখাস্ত করতে পারবে এবং শ্রমিকের দুর্নীতিমূলক কাজ প্রমাণিত হলে উক্ত শ্রমিককে বহিষ্কারসহ ভবিষ্যতে খাদ্য বিভাগীয় গুদামে কাজ করা হতে বিরত রাখার জন্য ঠিকাদারকে নির্দেশ দিতে হবে।



(সারোয়ার মাহমুদ)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর

বিতরণঃ

- ০১। সচিব খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ০৩। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ০৫। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা;
- ০৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট;
- ০৭। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ২৯৯, পশ্চিম জুরাইন (নতুন রাস্তা), ঢাকা;
- ০৮। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/সান্তাহার/আশুগঞ্জ/মোংলা;
- ০৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বার্তাটি ওয়েব সাইটে প্রকাশের জন্য;
- ১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল);
- ১১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা;
- ১২। ব্যবস্থাপক/এসএমও/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল);
- ১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল);